দৈনিক সংবাদ

27

তারিখ ... 02 JUN 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ...

বাকবিশসের সম্মেলন

## শিক্ষা ব্যবস্থার মৌলিক পরিবর্তনে ঐক্যবদ্ধ সংগ্রামের আহ্বান

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১লা জুন।– বাংলাদেশ কলেজ–বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশস) আয়োজিত চট্টগ্রাম বিভাগীয় প্রথম দ্বিবার্ষিক সম্মেলনে শিক্ষাব্যবস্থায় মৌলিক পরিবর্তনে শিক্ষাবিদসহ সর্বস্তরের জনগণকে ঐক্যবদ্ধ সংগ্রামের আহ্বান জানানো হয়েছে।

আজ শুক্রবার সকালে স্থানীয় মুসলিম হলে অধ্যাপক ফজলী হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত দু'দিনব্যাপী সম্মেলনের উদ্বোধনী দিনে বক্তারা এই আহ্বান জানান।

সম্মেলন উদ্বোধন করেন অধ্যাপক আলী ইমদাদ খান। এতে অধ্যাপক এ, এস, এম সালাউদ্দিন আহমদ প্রধান অতিথি, ডঃ ম, আখতারুজ্জামান, অধ্যক্ষ আবদুর রহিম চৌধুরী, অধ্যক্ষ মেসবাউল আলম, অধ্যাপক রফিকুল আনোয়ার সিদ্দিকী, ডাঃ সিরাজুল ইসলাম ও আবু মোহাম্মদ হাশেম বিশেষ অতিথি ছিলেন।

দুপুরে ডঃ অনুপম সেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে মূল প্রবন্ধ পড়েন অধ্যক্ষ আবু তৈয়ব চৌধুরী। ডঃ আনিসুজ্জামান এতে প্রধান অতিথি ছিলেন। আলোচনা করেন ডঃ আফতাব আহমদ, অধ্যাপক মোহাম্মদ খালেদ, অধ্যাপিকা এ, এন, রাশেদা, ডঃ আবু ইউসুফ আলম।

বিকেলে অধ্যক্ষ সেলিনা বেগমের সভানেতৃত্বে কৃতী শিক্ষকদের সংবর্ধনা দেয়া হয়।

আগামীকাল শনিবার কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হবে।